রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, মার্চ ৩০, ২০১০**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**

**প্রশাসন শাখা-৩**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৬ চৈত্র ১৪১৬ বঙ্গাব্দ/৩০ মার্চ ২০১০ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৯২-আইন/২০১০।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৩৩ নং অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে এবং সমবায় বিভাগ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ বাতিলক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা সমবায় বিভাগ (কমকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১০ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থি কিছু না থাকিলে এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ;

(খ) ''ডিগ্রী" বা ''সার্টিফিকেট" অর্থ, ক্ষেত্রমত, স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা সার্টিফিকেট এবং, এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা সার্টিফিকেট ;

(গ) " তফসিল '' অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিল ;



**মূল্য ঃ** টাকা ১০.০০

(ঘ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা;

(ঙ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোন পদ;

(চ) " প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ সংশ্লিষ্ট পদের জন্য তফসিলে উল্লিখিত যোগ্যতা ;

(ছ) " শিক্ষানবিস" অর্থ কোন পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তি ;

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয় " বা ''স্বীকৃত বোর্ড" অর্থ আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীন প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড এবং এই বিধির উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক অনুমোদিত বলিয়া ঘোষিত অন্য কোন বিশ্ববিদ্যালয় বা বোর্ড।

৩। **নিয়োগ পদ্ধতি**।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোন পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা হইবে ঃ—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ; এবং

(খ) পদোন্নতির মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়ঃ সীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**।—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোন পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের একজন স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন ;

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন, অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন, যে ব্যক্তি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোন পদে সরাসরি নিয়োগ করা যাইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্র বিশেষে, তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগত ভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে ; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্বকার্যকলাপ যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোন ব্যক্তিকে কোন পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফি সহ যথাযথ ফরম ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালে স্বীয় উর্দ্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ।**—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই/নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে ঃ

তবে শর্ত থাকে যে, ৩য় শ্রেণী হইতে ২য় শ্রেণী এবং ২য় শ্রেণী হইতে ১ম শ্রেণীর পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি কোন পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিসি।**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোন পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিসি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, স্থায়ী নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া শিক্ষানবিসির মেয়াদ এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসির মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন;

(খ) পদোন্নতির ক্ষেত্রে তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিসির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসির মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না সরকারী আদেশ বলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি পাশ করেন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **রহিতকরণ ও হেফাজত**।—(১) সমবায় বিভাগ (কমকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ১৯৯৪ এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিতকরণ সত্ত্বেও, উক্ত বিধিমালার আওতায় যে সকল কার্যক্রম নিষ্পন্ন হইয়াছে তাহা এই বিধিমালার অধীন সম্পন্ন হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারীর তারিখে অনিষ্পন্ন কার্যাদি, যতদূর সম্ভব, এই বিধিমালার অধীন নিষ্পন্ন করিতে হইবে।

**তফসিল**

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা | নিয়োগ পদ্ধতি | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | উপ-সহকারী নিবন্ধক<br>বেতন স্কেল- ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা- ৬৮ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | (ক) জেলা অডিটর পদে ৩(তিন) বৎসরের চাকুরী;অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য জেলা অডিটর পাওয়া না গেলে সমন্বিত জ্যেষ্ঠতা তালিকার ভিত্তিতে পরিদর্শক, মহিলা পরিদর্শক, প্রশিক্ষক, ফিল্ড ইনভেস্টিগেটর বা রিসার্চ ইনভেস্টিগেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; অথবা<br>(গ) পরিদর্শক, মহিলা পরিদর্শক, প্রশিক্ষক, ফিল্ড ইনভেস্টিগেটর বা রিসার্চ ইনভেস্টিগেটর পদ এবং জেলা অডিটর পদে সমন্বিতভাবে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ২. | উপজেলা/ থানা সমবায় অফিসার<br>বেতন স্কেল- ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা-৪৯১ | - | পদোন্নতির মাধ্যমে। | (ক) জেলা অডিটর পদে ৩(তিন) বৎসরের চাকুরী;অথবা<br>(খ) পদোন্নতিযোগ্য জেলা অডিটর পাওয়া না গেলে সমন্বিত জ্যেষ্ঠতা তালিকার ভিত্তিতে পরিদর্শক, মহিলা পরিদর্শক, প্রশিক্ষক, ফিল্ড ইনভেস্টিগেটর বা রিসার্চ ইনভেস্টিগেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী; অথবা<br>(গ) পরিদর্শক, মহিলা পরিদর্শক, প্রশিক্ষক, ফিল্ড ইনভেস্টিগেটর বা রিসার্চ ইনভেস্টিগেটর পদ এবং জেলা অডিটর পদে সমন্বিতভাবে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩. | শাখা প্রধান /প্রশাসনিক কর্মকর্তা<br>বেতন স্কেল- ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা- ৫ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) প্রধান সহকারী (সদর) বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী; অথবা<br>(খ) প্রধান সহকারী, উচ্চমান সহকারী, হিসাব রক্ষক (সদর) পদে সমন্বিতভাবে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪. | ফিজিক্যাল ইনস্ট্রাকটর -কাম-প্রটোকল অফিসার (একাডেমী)<br>বেতন স্কেল- ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা- ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট কাজে ০২ বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে শারীরিক শিক্ষায় স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৫. | গবেষণা সহকারী (একাডেমী)<br>বেতন স্কেল- ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা- ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে রাষ্ট্রবিজ্ঞান বা অর্থনীতি বা পরিসংখ্যান বা সমাজকল্যাণ বা সমাজ বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞানে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৬. | প্রশাসনিক কর্মকর্তা-কাম-হোস্টেল সুপারিনটেনডেন্ট<br>বেতন স্কেল- ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা- ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ প্রধান সহকারী (সদর) বা সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর পদে ৭(সাত) বৎসরের চাকুরী অথবা প্রধান সহকারী বা উচ্চমান সহকারী বা হিসাব রক্ষক (সদর) পদে ১০ (দশ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭. | এডিটর (Editor)<br>বেতন স্কেল ঃ ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা ঃ ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ ম্যানেজার (মাসিক সমবায় পত্রিকা) পদে ৭ (সাত) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সাংবাদিকতায় স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৮. | হিসাব রক্ষণ কর্মকর্তা (একাডেমী)<br>বেতন স্কেল ঃ ৮০০০-১৬৫৪০/-<br>পদের সংখ্যা ঃ ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ হিসাব রক্ষণ কর্মকর্তা (সদর) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী। |
| ৯. | হিসাব রক্ষণ কর্মকর্তা (সদর)<br>বেতন স্কেল ঃ ৬৪০০-১৪২৫৫/-<br>পদের সংখ্যা ঃ ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে স্নাতকোত্তর ডিগ্রী। |
| ১০. | জেলা অডিটর<br>বেতন স্কেল ঃ ৬৪০০-১৪২৫৫/-<br>পদের সংখ্যা ঃ ৬৭ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে। | (ক) পরিদর্শক, প্রশিক্ষক, মহিলা পরিদর্শক, ফিল্ড ইনভেস্টিগেটর বা রিসার্চ ইনভেস্টিগেটর পদে ৩(তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, প্রধান সহকারী (সদর),গ্রাফিক ডিজাইনার বা আর্টিস্ট পদে বা পদসমূহে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ১১. | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা<br>বেতন স্কেল ঃ ৫৯০০-১৩১২৫/-<br>পদের সংখ্যা ঃ ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ হিসাব রক্ষক (সদর) পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১২. | পরিদর্শক<br>বেতন স্কেল ঃ ৫৯০০-১৩১২৫/-<br>পদের সংখ্যা ঃ ৬০৯ | ৩০ বৎসর | ৬৭% পদোন্নতির মাধ্যমে এবং ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ সহকারী পরিদর্শক, মহিলা সহকারী পরিদর্শক, সহকারী প্রশিক্ষক,প্রধান সহকারী,উচ্চমান সহকারী, আর্টিস্ট-তথা-ড্রাফটসম্যান, গ্রন্থাগারিক, সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, টেবুলেটর, কম্পিউটার, তাঁত বিশেষজ্ঞ, বাংলা অনুবাদক, টেক্সটাইল ডিজাইনার বা ফটোগ্রাফার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৩. | মহিলা পরিদর্শক<br>বেতন স্কেল ঃ ৫৯০০-১৩১২৫/-<br>পদের সংখ্যা ঃ ৮ | ৩০ বৎসর | ৬৭% পদোন্নতির মাধ্যমে এবং ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ মহিলা সহকারী পরিদর্শক পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৪. | প্রশিক্ষক<br>বেতন স্কেল- ৫৯০০-১৩১২৫/-<br>পদের সংখ্যা- ৬৯ | ৩০ বৎসর | ৬৭% পদোন্নতির মাধ্যমে এবং ৩৩% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ সহকারী পরিদর্শক, সহকারী প্রশিক্ষক, মহিলা সহকারী পরিদর্শক, ম্যানেজার (মাসিক সমবায় পত্রিকা), গ্রন্থাগারিক বা বাংলা অনুবাদক পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৫. | ফিল্ড ইনভেস্টিগেটর<br>বেতন স্কেল - ৫৯০০-১৩১২৫/-<br>পদের সংখ্যা - ৮০ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতিসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রী। |
| ১৬. | রিসার্চ ইনভেস্টিগেটর<br>বেতন স্কেল- ৫৯০০-১৩১২৫/-<br>পদের সংখ্যা -৪ | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী প্রশিক্ষক, সহকারী পরিদর্শক, মহিলা সহকারী পরিদর্শক বা টেবুলেটর/কম্পিউটার পদে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৭. | গ্রাফিক ডিজাইনার/আর্টিস্ট<br>বেতন স্কেল - ৫৫০০-১২০৯৫/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ আর্টিস্ট-কাম-ড্রাফটস্‌ম্যান পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ সংশ্লিষ্ট কাজে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ চারুকলা ইনস্টিটিউট বা মহাবিদ্যালয় হইতে ডিপ্লোমা। |
| ১৮. | প্রধান সহকারী (সদর)<br>বেতন স্কেল - ৫৫০০-১২০৯৫/-<br>পদের সংখ্যা- ১ | - | পদোন্নতির মাধ্যমে। | প্রধান সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ১৯. | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল- ৫৫০০-১২০৯৫/-<br>পদের সংখ্যা- ৩ | ৩০ বৎসর | ৫০% পদোন্নতির মাধ্যমে এবং ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে অন্যূন্য ৪(চার) বৎসরের চাকুরী। তবে শর্ত থাকে যে, পদোন্নতির ক্ষেত্রে সিলেকশন গ্রেড প্রাপ্ত সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর কে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতক বা সমমানের ডিগ্রী ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা,২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২০. | টেক্সটাইল ডিজাইনার<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে টেক্সটাইল বা ফ্যাশন ডিজাইনিং বিষয়ে ৩(তিন) বৎসরের ডিপ্লোমা। |
| ২১. | বাংলা অনুবাদক<br>বেতন স্কেল ঃ ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা ঃ ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ২২. | ফটোগ্রাফার<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ২ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট কাজে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত শিক্ষাবোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৩. | আর্টিস্ট-কাম- ড্রাফটস্‌ম্যান<br>বেতন স্কেল- ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা- ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত চারুকলা ইনস্টিটিউট বা মহাবিদ্যালয় হইতে ডিপ্লোমা। |
| ২৪. | ম্যানেজার (মাসিক সমবায় পত্রিকা)<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ প্রুফ রিডার পদে ৪ (চার) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ সাংবাদিকতায় ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ২৫. | টেবুলেটর/ কম্পিউটার<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা- ৮ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণিত অথবা পরিসংখ্যানসহ স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৬. | সহকারী পরিদর্শক<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ৯৬১ | ৩০ বৎসর | ৩৩% পদোন্নতির মাধ্যমে এবং ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রেঃ হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও একাডেমী) পদে ৩(তিন) বৎসরের চাকুরী অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ,ক্যাশিয়ার, ফিল্ম অপারেটর, হিসাব সহকারী, ডেসপাচার বা কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে অথবা উক্ত পদসমূহে সমন্বিতভাবে ৪(চার) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২৭. | মহিলা সহকারী পরিদর্শক<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ৮ | ৩০ বৎসর | ৩৩% পদোন্নতির মাধ্যমে এবং ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির (শুধুমাত্র মহিলা কর্মচারী) ক্ষেত্রে ঃ হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও একাডেমী) পদে ৩(তিন) বৎসরের চাকুরী অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ক্যাশিয়ার, ফিল্ম অপারেটর, হিসাব সহকারী, ডেসপাচার বা কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম- অফিস সহকারী পদে অথবা উক্ত পদসমূহে সমন্বিতভাবে ৪(চার) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |
| ২৮. | সহকারী প্রশিক্ষক<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ৬৯ | ৩০ বৎসর | ৩৩% পদোন্নতির মাধ্যমে এবং ৬৭% সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও একাডেমী) পদে ৩(তিন) বৎসরের চাকুরী অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ক্যাশিয়ার, হিসাব সহকারী, ডেসপাচার বা কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম- অফিস সহকারী পদে অথবা উক্ত পদসমূহে সমন্বিতভাবে ৪(চার) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৯. | তাঁত বিশেষজ্ঞ<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ১০ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে<br>এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ তাঁত সুপারভাইজার পদে ৩(তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে টেক্সটাইল টেকনোলজিতে ৩(তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা। |
| ৩০. | গ্রন্থাগারিক<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা- ১ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে<br>এবং পদোন্নতিযোগ্য প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) পদোন্নতির ক্ষেত্রে ঃ গ্রন্থাগারিক (সদর) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>(খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রেঃ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রীসহ স্বীকৃত প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে ডিপ্লোমা। |
| ৩১. | প্রধান সহকারী<br>বেতন স্কেল- ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা- ৩২ | - | পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও কলেজ) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী অথবা অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ক্যাশিয়ার, হিসাব সহকারী, কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী বা ডেসপাচার পদে বা উক্ত পদসমূহে ৪(চার) বৎসরের চাকুরী। |
| ৩২. | উচ্চমান সহকারী<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ৮০ | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, ক্যাশিয়ার, হিসাব সহকারী বা ডেসপাচার পদে ৪ (চার) বৎসরের চাকুরী। |
| ৩৩. | হিসাব রক্ষক (সদর)<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ২ | - | পদোন্নতির মাধ্যমে। | হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও একাডেমী) পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৪. | সাঁট মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর<br>বেতন স্কেল - ৫২০০-১১২৩৫/-<br>পদের সংখ্যা - ২০ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী।<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা,২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৫. | ইলেকট্রিশিয়ান -কাম- মিটার রিডার<br>বেতন স্কেল -৪৯০০-১০৪৫০/-<br>পদের সংখ্যা -১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্সে সার্টিফিকেটসহ স্বীকৃত বোর্ড হইতে ন্যূনতম মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬. | হিসাব রক্ষক (মফস্বল দপ্তর ও একাডেমী)<br>বেতন স্কেল - ৪৯০০-১০৪৫০/-<br>পদের সংখ্যা - ৭৩ | - | পদোন্নতির মাধ্যমে। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, হিসাব সহকারী, ক্যাশিয়ার, ডেসপাচার বা কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম-অফিস সহকারী পদে ৩ (তিন) বৎসরের চাকুরী। |
| ৩৭. | ড্রাইভার/ফ্লিমভ্যান ড্রাইভার<br>বেতন স্কেল- ৪৯০০-১০৪৫০/-<br>পদের সংখ্যা- ৫১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাসসহ হালকা বা ভারী যানবাহন চালানোর বৈধ লাইসেন্স। |
| ৩৮. | তাঁত সুপারভাইজার<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ৩০ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরকারী বয়ন স্কুল বা স্বীকৃত টেক্সটাইল ইনস্টিটিউট হইতে কারিগরি কোর্স পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৯. | গ্রন্থাগারিক (সদর)<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ স্বীকৃত প্রতিষ্ঠান হইতে লাইব্রেরী সায়েন্সে সনদপ্রাপ্ত। |
| ৪০. | প্রুফ রীডার<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ২(দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪১. | ফিল্ম অপারেটর<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ৫ | - | পদোন্নতির মাধ্যমে। | সহকারী ফিল্ম অপারেটর পদে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪২. | হিসাব সহকারী<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ৪ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৪৩. | ক্যাশিয়ার<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ৭১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে বাণিজ্যে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৪. | অফিস সহকারী -কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ১৫০ | ৩০ বৎসর | ৩০% পদোন্নতির মাধ্যমে এবং ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর হিসাবে ৫(পাঁচ) বৎসর, দপ্তরী হিসাবে আট বৎসর বা এম.এল.এস.এস হিসাবে দশ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা ;<br>(খ) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(গ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ ও ইংরেজীতে ২৮টি শব্দের গতি ; এবং<br>(ঘ) কম্পিউটার চালনার দক্ষতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ (ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ; এবং<br>(গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং ননগেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা,২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪৫. | ডেসপাচার<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) মটর সাইকেল চালনায় বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৬. | কম্পিউটার মুদ্রাক্ষরিক-কাম অফিস সহকারী<br>বেতন স্কেল - ৪৭০০-৯৭৪৫/-<br>পদের সংখ্যা - ৪৯১ | ৩০ বৎসর | ৩০% পদোন্নতির মাধ্যমে এবং ৭০% সরাসরি নিয়োগের মাধ্যমে। তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) ডুপ্লিকেটিং মেশিন অপারেটর হিসাবে পাঁচ বৎসর, দপ্তরী হিসাবে আট বৎসর বা এম. এল. এস. এস হিসাবে দশ বৎসরের চাকুরী ;<br>(খ) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(গ) মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ২০টি শব্দ ও ইংরেজীতে ২৮টি শব্দের গতি ; এবং<br>(ঘ) কম্পিউটার চালনার দক্ষতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত ; এবং<br>(গ) বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং ননগেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা,২০০৬ এর তফসিল ৩ ও ৪ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৪৭. | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর<br>বেতন স্কেল - ৪৪০০-৮৫৮০/-<br>পদের সংখ্যা - ২ | ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতির যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ক্ষেত্রে ঃ<br>(ক) দপ্তরী পদে দুই বৎসর বা এম.এল.এস.এস পদে পাঁচ বৎসরের চাকুরী ; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনার বাস্তব অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের ক্ষেত্রে ঃ<br>(ক) স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ; এবং<br>(খ) ডুপ্লিকেটিং মেশিন চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ৪৮. | ক্যাশ সরকার<br>বেতন স্কেল - ৪৪০০-৮৫৮০/-<br>পদের সংখ্যা - ৬৯ | - | পদোন্নতির মাধ্যমে। | দপ্তরী পদে ৩(তিন) বৎসরের চাকুরী বা এম.এল.এস.এস পদে বা পদসমূহে ৫(পাঁচ) বৎসরের চাকুরী। |
| ৪৯. | ডার্করুম সহকারী<br>বেতন স্কেল - ৪৪০০-৮৫৮০/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | ফটোগ্রাফিক ফিল্ম প্রসেসিং ও প্রিন্টিং কাজে ২ বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে এবং কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫০. | সহকারী ফিল্ম অপারেটর<br>বেতন স্কেল - ৪৪০০-৮৫৮০/-<br>পদের সংখ্যা - ৫ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। তবে প্রজেক্টর বা জেনারেটর চালানোর কাজে অভিজ্ঞ ব্যক্তিকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৫১. | দপ্তরী<br>বেতন স্কেল - ৪২৫০-৮১৪০/-<br>পদের সংখ্যা - ১ | - | পদোন্নতির মাধ্যমে। | এম.এল.এস.এস পদে ৩(তিন) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা। |
| ৫২. | কুক<br>বেতন স্কেল - ৪১০০-৭৭৪০/-<br>পদের সংখ্যা - ৮ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | রান্না ও পরিবেশনায় অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। |
| ৫৩. | মেটস্<br>বেতন স্কেল - ৪১০০-৭৭৪০/-<br>পদের সংখ্যা- ৮ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | রান্না ও পরিবেশনায় অভিজ্ঞতাসহ অষ্টম শ্রেণী পাস। |
| ৫৪. | নৈশ প্রহরী<br>বেতন স্কেল- ৪১০০-৭৭৪০/-<br>পদের সংখ্যা - ৮৩ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস। তবে শারিরীক যোগ্যতা সম্পন্ন হইতে হইবে। |
| ৫৫. | ম্যাসেঞ্জার<br>বেতন স্কেল - ৪১০০-৭৭৪০/-<br>পদের সংখ্যা - ১ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫৬. | সাধারণ কর্মচারী/ এম.এল.এস.এস বেতন স্কেল - ৪১০০-৭৭৪০/- পদের সংখ্যা - ১০৫০ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃত বোর্ড হইতে এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫৭. | সুইপার বেতন স্কেল - ৪১০০-৭৭৪০/- পদের সংখ্যা -২ | ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | অষ্টম শ্রেণী পাস। সুইপার সম্প্রদায়ের প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া হইবে।"। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আবদুল মান্নান**
যুগ্ম-সচিব।

মোঃ মাছুম খান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ মজিবুর রহমান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd